20

দৈনিক বাংলা

29 OCT 1996

# আলিম পরীক্ষার ফল প্রকাশ ঃ পাসের হার ৬২.৬৭

**স্টাফ রিপোর্টার ঃ** ১৯৯৬ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় পাসের হার শতকরা ৬২ দশমিক ৬৭ ভাগ। মাদ্রাসা শিক্ষা বোর্ড সোমবার এই ফলাফল প্রকাশ করেছে।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী ৪১ হাজার ৯০৩ জন ছাত্রছাত্রীর মধ্যে ২৬ হাজার ২৬০ জন বিভিন্ন বিভাগে উত্তীর্ণ হয়েছেন। এর মধ্যে প্রথম বিভাগে ১ হাজার ৯৯৭, দ্বিতীয় বিভাগে ১৩ হাজার ৪২১ এবং তৃতীয় বিভাগে ১০ হাজার ৮৪২ জন পাস করেছেন। আলিম সাধারণ, আলিম বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এই তিন গ্রুপে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## আলিম পরীক্ষার ফল প্রকাশ ঃ পাসের হার ৬২.৬৭

(প্রথম পৃষ্ঠার পর)

উক্ত তিন গ্রুপের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছেন চাঁদপুরের রামপুর বাজার দাঃ সুঃ ফাজিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের মোঃ দেলাওয়ার হোছাইন। প্রাপ্ত নম্বর ৮৮৫। সেরাজগঞ্জের উল্লাপাড়া ফাজিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের মোঃ গোলাম মর্তুজা দ্বিতীয় স্থান অধিকার করেছেন। প্রাপ্ত নম্বর ৮২৪।

তৃতীয় স্থান লাভ করেছেন ঝালকাঠির নেছারাবাদ ছালেহিয়া কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের মোহাম্মদ সালাহ্ উদ্দিন। প্রাপ্ত নম্বর ৮১৬।

চতুর্থ ঃ ফেনীর মধুগ্রাম জিনারহাট ফাজিল মাদ্রাসার সাধারণ বিভাগের মোহাম্মদ ইমাম হোসেন। প্রাপ্ত নম্বর ৮১২।

পঞ্চম ঃ ঢাকার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের আবু বকর ছিদ্দিক। প্রাপ্ত নম্বর ৮০৭।

ষষ্ঠ ঃ ঝালকাঠির নেছারাবাদ ছালেহিয়া কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের মোঃ মিজানুর রহমান। প্রাপ্ত নম্বর ৮০৫।

সপ্তম ঃ গাইবান্ধার মহিমাগঞ্জ কামিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের মোঃ মাহমুদুর রহমান। প্রাপ্ত নম্বর ৮০১।

অষ্টম ঃ চট্টগ্রামের রাঙ্গুনিয়া আলম শাহপাড়া কামিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের মুহম্মদ আরেফ হাসান চৌধুরী এবং রংপুরের ধাপসাতগাড়া বায়তুল মোকাররম মাদ্রাসার সাধারণ বিভাগের আবু নাঈম মোঃ শহীদুল ইসলাম। দু'জনই ৭৯৬ করে নম্বর পেয়েছেন।

নবম ঃ ঝালকাঠি নেছারাবাদ ছালেহিয়া কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের মুহাঃ ছায়ীদুর রহমান। প্রাপ্ত নম্বর ৭৯০।

দশম ঃ ঢাকার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের মোঃ ওমর ফারুক। প্রাপ্ত নম্বর ৭৮৯।

### মহিলা

এবারে আলিম পরীক্ষায় ৪ হাজার ৬৭৫ জন ছাত্রী অংশ নিয়েছে। সম্মিলিত মহিলা মেধা তালিকায় প্রথম স্থান অধিকারিনী গাজীপুর লোহাদী দারুল উলুম সিনিয়র মাদ্রাসার সাধারণ বিভাগের মাহফুজা সুলতানা। প্রাপ্ত নম্বর ৭২৭। দ্বিতীয় হয়েছেন কিশোরগঞ্জ মঙ্গলবাড়ীয়া কামিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের খালেদা বেগম। প্রাপ্ত নম্বর ৬৯৬। তৃতীয় হয়েছেন জামালপুর রাট্টাজোড় কে আর আই ফাজিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের সামছুন্নাহার। প্রাপ্ত নম্বর ৬৯৪। চতুর্থ স্থান লাভ করেছেন দিনাজপুর মাদারদরগা ফাজিল মাদ্রাসার সাধারণ বিভাগের নূর জাহান খাতুন। প্রাপ্ত নম্বর ৬৯২। পঞ্চম হয়েছেন গাজীপুর তিলত্তনিয়া দারুস সুন্নাহ মাদ্রাসার নূর আক্তার পারভীন। প্রাপ্ত নম্বর ৬৯১।

ষষ্ঠ ঃ ঢাকার উত্তর বাড্ডা ইসলামিয়া মাদ্রাসার সাধারণ বিভাগের উম্মে ছিদ্দিকা এবং চট্টগ্রামের গহিরা এফ কে মাদ্রাসার সাধারণ বিভাগের শাহনাজ আক্তার। দু'জনই ৬৮৯ করে নম্বর পেয়েছেন। সপ্তম ঃ ঢাকার মদিনাতুল উলুম ম, ই, বালিকা মাদ্রাসার রুকাইয়া বেগম। প্রাপ্ত নম্বর ৬৮৫। অষ্টম ঃ শেরপুরে ফতেহপুর ফাজিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের সাজেদা খাতুন। ময়মনসিংহের মুক্তাগাছা আব্বাসিয়া কামিল মাদ্রাসার সাধারণ বিভাগের মমতাজ বেগম ও ব্রাহ্মণবাড়িয়ার ভাদুঘর ডিএস ফাজিল মাদ্রাসার সাধারণ বিভাগের রাশিদা খাতুন। তারা প্রত্যেকে ৬৮৩ করে নম্বর পেয়েছেন। নবম ঃ যশোর পদ্মা ভিলা মাদ্রাসার সাধারণ বিভাগের আছমা খাতুন। প্রাপ্ত নম্বর ৬৭৬। দশম ঃ টাঙ্গাইলের গোপালপুর দারুল উলুম ফাজিল মাদ্রাসার বিজ্ঞান বিভাগের বদরুন নাহার। প্রাপ্ত নম্বর ৬৭৫।

মোট ৪ হাজার ৬৭৫ জন মহিলার মধ্যে ৩ হাজার ১৫৩ জন পাস করেছেন। এর মধ্যে ১১৪ জন প্রথম বিভাগ, ১ হাজার ৭২০ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৩১৯ জন তৃতীয় বিভাগ পেয়েছেন।